

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
হজ অনুবিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.mora.gov.bd

স্মারক নং-ধবিম/হ:শা:/৪-৮২/২০১২-১১২১

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৯  
১৩ সেপ্টেম্বর ২০২২

বিষয়: **শুনানীতে অংশগ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ে প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, গ্লাসি এয়ার ইন্টারন্যাশনাল (হজ লাইসেন্স নং-৭৮৩) এর বিরুদ্ধে সৌদি আরবে বাড়ি/হোটেল পরিদর্শন কমিটির প্রতিবেদনে নিম্নোক্ত বিরূপ মন্তব্যের বিষয়ে তদন্ত কমিটি-২ এর আহ্বায়ক জনাব মো. কুদ্দুস আলী সরকার, যুগ্মসচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এর সভাপতিত্বে আগামী ২১/০৯/২০২২খ্রি. তারিখ, সকাল ৯.৩০ টায় ইসলামিক ফাউন্ডেশন, বায়তুল মোকাররম এর লাইব্রেরি ভবনের ৫ম তলায় শুনানী গ্রহণ করা হবে। শুনানীকালে তাঁকে লিখিত জবাব ও প্রয়োজনীয় প্রমানকসহ (যদি থাকে) উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

০২। উল্লিখিত তারিখ ও সময়ে শুনানীতে উপস্থিত হতে ব্যর্থ হলে ধরে নেয়া হবে যে, তিনি/তঁার প্রতিষ্ঠানের বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে তিনি বা তাঁরা কোন বক্তব্য প্রদান করতে ইচ্ছুক নন।

অভিযুক্ত এজেন্সি	অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ
গ্লাসি এয়ার ইন্টারন্যাশনাল (হজ লাইসেন্স নং-৭৮৩)।	(১) গত ১৪৪৩হিজরি/২০২২ সালের হজে বন্ধু এয়ার ইন্টারন্যাশনাল (হ: লা: ৩১৮) এর মাধ্যমে ১২১ জন হাজী সাহেব পবিত্র হজ পালন করেছেন। উক্ত এজেন্সির বাড়ি পরিদর্শনে পরিলক্ষিত হয় যে, কয়েকটি হজ এজেন্সি এবং গ্রুপের হজযাত্রী মিলিয়ে তিনি ১২১ জন পূর্ণ করেন। তাদের মধ্যে উল্লেখযোগ্য হলো সালামাদ ট্রাভেলস (হ: লা: ১৪৪৭), গ্লাসি এয়ার ইন্টারন্যাশনাল (হ: লা: ৭৮৩), ধানসিড়ি এয়ার ট্রাভেল লি. (হ: লা: ৭৩৬) এবং কৃষিবিদ গ্রুপ। (২) কৃষিবিদ গ্রুপটি হাজী সাহেবদের নিকট হতে ৬-৭ লক্ষ টাকা গ্রহণ করলেও বন্ধু এয়ার ইন্টারন্যাশনাল (হ: লা: ৩১৮) হাজী সাহেবদের জন্য যে সকল বাড়ি ভাড়া করেছেন তা অত্যন্ত নিম্নমানের। বাড়ি পরিদর্শনের সময় হাজী সাহেবগণ তাদের নানাবিধ কষ্টের কথা পরিদর্শন টিমকে অবহিত করেন। হাজী সাহেবগণ আরও অবহিত করেন যে, কৃষিবিদ গ্রুপটি নিজেদের হজ লাইসেন্স আছে মর্মে হজযাত্রীদের কাছ থেকে টাকা সংগ্রহ করে প্রতারণা করছেন। কৃষিবিদ গ্রুপ নামে কোন হজ লাইসেন্স নেই। হজ লাইসেন্স ব্যতীত হজের নামে টাকা উত্তোলন হজ ও ওমরাহ আইন অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। হজের নামে প্রতারণা করার অপরাধে এই কৃষিবিদ গ্রুপের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। (৩) বন্ধু এয়ারের সাথে সংযুক্ত সালামাদ ট্রাভেলস (হ:লা: ১৪৪৭) এর হাজী সাহেবদের নিকট হতে ৬-৭ লক্ষ টাকা গ্রহণ করলেও একটি জরাজীর্ণ বাড়ীতে হাজী সাহেবদের রেখেছেন। বাসার মান অত্যন্ত নিম্নমানের, হজযাত্রীদের প্যাকেজ করেছেন মাত্র ২৪ দিনের। এত হাজী সাহেবগণ চরম অসন্তুষ্টি প্রকাশ করেছেন। (৪) সর্বোপরি বন্ধু এয়ার ইন্টারন্যাশনাল (হ:লা: ৩১৮) এর মাধ্যমে যে সকল এজেন্সি/গ্রুপ সৌদি আরবে হজযাত্রী এনেছেন এবং হজযাত্রীর বিপরীতে যেসব বাড়ি/হোটেল ভাড়া করেছেন তা হজযাত্রীদের নিকট হতে সংগৃহীত টাকার বিপরীতে মান সম্পন্ন নয়।

এস.এম. মনিরুজ্জামান  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৫৫১০১১১৯  
e-mail:morahajsection@gmail.com

জনাব মীর কবির উদ্দিন ফরিদী  
স্বত্বাধিকারী, Glassy Air International (HL-783)  
Gazirchat Munsipara zame mosjit market, Asulia, Saver, Dhaka.

স্মারক নং-ধবিম/হ:শা:/৪-৮২/২০১২-১১২১

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৯  
১৩ সেপ্টেম্বর ২০২২

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:

১. সিস্টেমস এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mora.gov.bd) প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
২. অতিরিক্ত সচিব (হজ) এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা {অতিরিক্ত সচিব (হজ) মহোদয়ের সদয় অবগতির জন্য}
৩. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ, ১২ কারওয়ান বাজার, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে (www.hajj.gov.bd) প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)

এস.এম. মনিরুজ্জামান  
সিনিয়র সহকারী সচিব